

শিক্ষা জ্ঞান সংবাদ



ইস্ট ওয়েস্ট আলোচনা সভা

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে সোমবার রাজধানীর আফতাবনগারে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আয়োজনে টাইম ইজ নাউ: রন্যাল অ্যান্ড আরবান অ্যাক্টিভিস্ট ট্রান্সফর্মিং ওয়েস্ট লিডস' থিমের ওপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি।

আলোচনায় অংশ নেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজের (বিআইডিএস) সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজনিন আহমেদ এবং উন্নয়ন সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ, সিপিডি'র নির্বাহী পরিচালক ড. ফাহিমিদা খাতুন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গর্ভনর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান এবং উপ-উপাচার্য অধ্যাপক ড. ফকরুল আলম। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, শিক্ষক-কর্মকর্তা ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি